Md. Anwar Hossain
Administrator

BGMEA

স্মারক নং- বিজিএ/কাস/২০২৫/৭৩

০৫ এপ্রিল, ২০২৫

**বাংলাদেশি পণ্যের ওপর যুক্তরাষ্ট্র কর্তৃক ৩৭ শতাংশ পাল্টা আমদানি শুল্ক আরোপের ফলে ক্রেতার সাথে উদ্ভূত সমস্যাসমূহ সম্পর্কে বিজিএমইএ'কে অবহিতকরণ প্রসঙ্গে।**

সম্মানিত সদস্যবৃন্দ,

আসসালামু আলাইকুম,

আপনারা সকলে অবগত আছেন যে, সম্প্রতি যুক্তরাষ্ট্র সরকার আন্তর্জাতিক বাণিজ্য ঘাটতি বিবেচনায় নিয়ে বাংলাদেশসহ বিশ্বব্যাপী পাল্টা আমদানি শুল্ক আরোপ করেছে। এ প্রেক্ষাপটে বাংলাদেশি পণ্যের ওপর অতিরিক্ত ৩৭ শতাংশ আমদানি শুল্ক আরোপ করা হয়েছে। বিষয়টির গুরুত্ব অনুধাবনপূর্বক সমাধানের লক্ষ্যে বিজিএমইএ হতে সরকারের সর্বোচ্চ পর্যায়ে যোগাযোগ রক্ষা করে চলছে। সরকার কর্তৃক এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করার উদ্যোগ নেয়া হচ্ছে।

এমতাবস্থায়, বিজিএমইএ'র যে সকল সদস্য প্রতিষ্ঠান নিয়মিতভাবে যুক্তরাষ্ট্রে তৈরি পোশাক রপ্তানি করে থাকে সেই সকল প্রতিষ্ঠান'কে ৩৭ শতাংশ শুল্ক আরোপের ফলে ক্রেতা প্রতিষ্ঠানের সাথে উদ্ভূত সমস্যাসমূহ (যদি কোন) সম্পর্কে বিজিএমইএ'কে অবহিত করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। আপনাদের মূল্যবান তথ্যের ওপর ভিত্তি করে উদ্ভূত সমস্যাসমূহ (যদি কোন) সমাধানের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করা হবে।

ধন্যবাদান্তে,

০৫/০৪/২৫

মোঃ আনোয়ার হোসেন
প্রশাসক



CamScanner